মেহেরপুর জেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের কার্যনির্বাহী কমিটি গঠন

মেহেরপুর জেলা পরিষদের কর্মকর্তা ও কর্মচারীদের কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৫টায় জেলা পরিষদ কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় জেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়।

নবগঠিত কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন মোঃ জাহিদুল ইসলাম, সহ-সভাপতি মোঃ সরোয়ার উদ্দিন, সাধারণ সম্পাদক মোঃ শাহিন ইকবাল, যুগ্ম সাধারণ সম্পাদক এস এম রোকনুজ্জামান এবং কোষাধ্যক্ষ মোঃ আনোয়ার হোসেন খাঁন নির্বাচিত হয়েছেন।

ঝিনাইদহ মৌচিক কর্মকর্তা- কর্মচারীদের ৩ দফা দাবিতে মানববন্ধন

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের রাষ্ট্রায়ত্ত চিনিকলগুলোকে লাভজনক ও যুগোপযোগী করতে চিনি শিল্পের কৃষি বিভাগকে রাজস্ব খাতে অন্তর্ভূক্তসহ ৩ দফা দাবিতেঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে বৈরী আবহাওয়া উপেক্ষা করে কালীগঞ্জের মোবারকগঞ্জ চিনিকলের সামনে এ কর্মসূচীর আয়োজন করে চিনিকলের শ্রমিক-কর্মচারীরা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে চিনিকলের কর্মকর্তা, কর্মচারীসহ অন্যান্যরা অংশ নেয়।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে চিনিকলের ব্যবস্থাপক গৌতম কুমার মন্ডল, তানজিমুল ইসলাম, ইক্ষু উন্নয়ন সহকারী আব্দুল হাই সিদ্দিকী, চিনিকলের সিআইসি সদস্য ইমরান পারভেজ, সেন্টার গার্ড কাম স্কেলম্যান আব্দুল লতিফসহ অন্যান্যারা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা চিনি শিল্পের কৃষি বিভাগকে রাজস্ব খাতে অন্তর্ভূক্ত, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনকে কৃষি মন্ত্রনালয়ের অন্তর্ভূক্ত ও ইক্ষু সম্প্রসারণ উইং গঠনের দাবী জানান।

ঝিনাইদহে পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা-কর্মচারীদের মানববন্ধন

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা ও কর্মচারীরা দুই দফা দাবীতে মানববন্ধন কর্মসূচী পালন করেছে । আজ সোমবার (৩০ সেপ্টেম্বর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে পল্লী বিদ্যুৎ সমিতি বৈষম্য বিরোধী আন্দোলনের ব্যানারে এ কর্মসূচী পালিত হয়।

সকাল ১১ থেকে বেলা ১২ টা পর্যন্ত চলা এই কর্মসূচীতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা ও উপজেলা অফিসের কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেয়।

সেসময় ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম আবু তৈয়েব জহুরুল আলম, এজিএম হাবিবুর রহমান, মাহবুব আলম, জুনিয়ার প্রকৌশলী রবিউল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, গ্রাহক সেবার মানোন্নয়ন, উন্নত কর্মপরিবেশ নিশ্চিতের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের সন্তুষ্টি, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং টেকসই বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা বিনির্মাণে সকল বৈষম্য অবসান করার দাবী জানান। সেই সাথে সকল চুক্তিভিত্তিক কর্মচারীদের

মেহেরপুরে পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা-কর্মচারীদের মানববন্ধন

দুই দফা দাবীতে মানববন্ধন কর্মসূচী পালন করেছে মেহেরপুর পল্লী বিদ্যুৎ অফিসের কর্মকর্তা ও কর্মচারীরা। আজ সোমবার (৩০ সেপ্টেম্বর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে পল্লী বিদ্যুৎ সমিতির এ কর্মসূচী পালিত হয়।

সকাল সাড়ে ১১ থেকে বেলা ১২ টা পর্যন্ত চলা এই কর্মসূচীতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা ও উপজেলা অফিসের কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেয়।

পল্লী বিদ্যুৎ এজিএম সদস্য মোঃ ফরহাদ হোসেনের নেতৃত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন,পল্লী বিদ্যুৎ ডিজিএম (কারিগরী) শ্যামল মল্লিক,পল্লী বিদ্যুৎ বামুদী জেনারেল অফিস জুনিয়ার ইঞ্জিনিয়ার সিদ্দিকুর রহমান, পল্লী বিদ্যুৎ লাইন টেকনিশিয়াল মোঃ রাহাজুল ইসলাম, লাইনম্যান (গ্রেট ২) মোঃ রাজিব আহমেদ, মিটার রিডার ম্যাসেঞ্জার মোঃ সাজন মোল্লা প্রমুখ।

এই সময় বক্তারা, গ্রাহক সেবার মানোন্নয়ন, উন্নত কর্মপরিবেশ নিশ্চিতের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের সন্তুষ্টি, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং টেকসই বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা বিনির্মাণে সকল বৈষম্য অবসান করার দাবী জানান। সেই সাথে সকল চুক্তিভিত্তিক কর্মচারীদের নিয়মিত করার দাবীও জানান।

ঝিনাইদহের টিসিবি’র ডিলার ও কর্মকর্তা-কর্মচারীদের প্রতিবাদ সভা

ঝিনাইদহের টিসিবি’র বিভিন্ন ডিলারদের হয়রানি ও কর্মকর্তা- কর্মচারীদের নামে মিথ্যা অভিযোগের বিরুদ্ধে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে শহরের হামদহ বাইপাস এলাকার টিসিবি’র কার্যালয়ের সামনে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। এতে জেলার মেসার্স আফজাল এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী আফজাল হোসেন, মেসার্স ৭১ এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী খসরুজ্জামান বাবু, মেসার্স ভাই ভাই এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী খায়রুল ইসলাম টিটন, মেসার্স আফতাব এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী আফতাব হোসেনসহ ১০২ জন ডিলার অংশ গ্রহন করেন।

তারা অভিযোগ করে বলেন, ঝিনাইদহের টিসিবি’র ডিলার জয় এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী ওয়াজেদ আলী, শিমুল এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী হারুন অর রশিদ বাদল ও শামীম এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী শামীম হোসেনের যোগসাজসে অন্যান্য ডিলারদের পণ্য জোরপূর্বক নিয়ে ক্রয়- বিক্রয় করে থাকে। ডিলাররা তাদের পণ্য দিতে না চাইলে ওই ৩ ডিলারের মালিক প্রভাবশালী হওয়ায় বিভিন্নভাবে হয়রানি করে থাকে। শুধু তাই নয় এ বিষয়ে জেলা প্রশাসন যার যার পণ্য তাকেই বিক্রির নির্দেশ দিলেও তা অমান্য করে ওই তিন ডিলার উল্টো টিসিবি’র কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধেও বিভিন্ন দপ্তরে মিথ্যা অভিযোগ দিয়ে হয়রানি করে যাচ্ছে।

এদিকে জয় এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী হামদহ এলাকার ওয়াজেদ আলী সরকারী নিয়ম কানুন না মেনে টিসিবি’র পণ্য অবৈধভাবে বিক্রয় করে নগদ অর্থ ও সম্পদের পাহাড় গড়ে তুলেছে। ওয়াজেদ সরকারদলীয় নেতা ও সরকারী উর্দ্ধতন কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে অন্যান্য ডিলারদের ভয়ভীতি দেখিয়ে ও জিম্মি করে অবৈধভাবে সকল সুযোগ সুবিধা ভোগ করে যাচ্ছে। তার এই স্বেচ্ছাচারিতা থেকে মুক্তি পেতে চাই অন্যান্য সকল ডিলাররা।

[redacted]

[redacted]

[redacted]

[

অফিসের কর্মকর্তা-কর্মচারীদের কর্মবিরতি পালন

৫ দফা দাবিতে গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কর্মকর্তা/ কর্মচারীরা কর্মবিরতি পালন করেছেন ।

কেন্দ্রীয় কর্মসুচীর অংশ হিসেবে ৫ দফা দাবিতে প্রস্তাবিত জনবল কাঠামো ও নিয়োগ বিধি বাস্তবায়নের দাবিতে এ কর্মসূচি পালন করেন তারা।

গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) প্রকৌশলী নিরঞ্জন চক্রবর্তীর নেতৃত্বে মঙ্গলবার (১৩ সেপ্টেম্বর) সকাল ৮ টা থেকে বেলা ১২ টা পর্যন্ত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের সামনে এই কর্মবিরতি পালন করা হয়। উপস্থিত ছিলেন, উপসহকারী প্রকৌশলী আলীমুল রেজা, কার্য্য সহকারি শাহিন রেজা, অফিস সহায়ক হাবিবুর রহমানসহ অন্যান্য কর্মচারীরা।

আগামী বৃহস্পতিবার ১৫ সেপ্টেম্বর পর্যন্ত আমাদের এ কর্মবিরতি চলবে। দাবি মানা না হলে আগামি ১৫ সেপ্টেম্বর দাবি আদায়ের লক্ষ্যে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়া হবে।

মুজিবনগরে কর্মকর্তা- কর্মচারীরা অফিসে আসেন দেরিতে

মুজিবনগর উপজেলার সরকারি অফিসগুলোতে মানা হচ্ছে না সরকারের নতৃন নিয়ম।এখানে কর্মরত সরকারি কর্মকর্তা-কর্মচারীরা সরকার নির্ধারিত নতুন সময় সূচিতে অফিস করছেন না কেউ।অনেকে দেরিতে অফিসে আসছেন আবার নির্ধারিত সময়ের আগেই অফিস ত্যাগ করছেন।

গতকাল রবিবার (১১ সেপ্টেম্বর) সকাল ৮টা থেকে দুপুর ১১টা পর্যন্ত মুজিবনগর উপজেলা প্রশাসন কার্যালয়ে মেহেরপুর প্রতিদিনের টিম

সরেজমিনে গিয়ে অনিয়মের এই চিত্র পেয়েছে। ঘড়ির কাঁটায় তখন সকাল ৯টা ৩৭ মিনিট। উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস তালাবদ্ধ। একটু পরেই একজন লোক এসে অফিস খোলেন। তিনি নিজেকে অফিসের পিওন পরিচয় দিয়ে বলেন সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম মন্ত্রীর সাথে দেখা করে অফিসে আসবেন।

মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত হতে পারেননি যথাসময়ে।সকাল ৯ টার সময়েও তাকে অফিসে পাওয়া যায়নি। যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় খোলা থাকলেও উপস্থিত ছিলেন মাত্র একজন। যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন অফিসে প্রবেশ করেননি। মোবাইল ফোনে যুব উন্নয়ন কর্মকর্তা রাকিবের সাথে কথা বললে তিনি জানান আমি আজকে জেলা অফিসে ছিলাম। সেখান থেকে এই মাত্র (৩.৫০ মিনিট) বাসাতে ফিরলাম। অফিসে যাওয়া হয়নি আজকে।অফিসের মুভমেন্ট খাতায় সই করে বাইরে যাওয়ার নিয়ম থাকলেও অনেক সময় সেটা মানা হয়না বলে জানান এই কর্মকর্তা।

সকাল সাড়ে ৯ টা পর্যন্ত উপজেলা নির্বাচন কর্মকর্তা মেহেদী হাসানের দরজায় দেখা যায় সেবা গ্রহীতার অপেক্ষা। তার অফিস কক্ষের তালা সকাল ৯ টার পরে খোলা হলেও সকাল ১০ টা পর্যন্ত অফিসার আসেননি।

সকাল সাড়ে ৯টা পর্যন্ত মুজিবনগর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর কার্যালয়ের অফিসারের রুমটি ছিল তালাবদ্ধ। দেখা গেছে এই জনগুরুত্বপূর্ণ অফিসটি চালাচ্ছেন একজন চতুর্থ শ্রেণীর কর্মচারী। তবে, খাদ্য নিয়ন্ত্রক মনিরুজ্জামান মোবাইল ফোনে বলেন, আমি মুজিবনগরে এবং জেলায় অতিরিক্ত দায়ীত্বে রয়েছে। যে কারনে প্রতিদিন মুজিবনগরে অফিস করা সম্ভব হয়না। কাজ থাকলে যায়। না থাকলে সদর এবং মেহেরপুর কাজ করি।

সকাল সাড়ে ৮ টা পর্যন্ত উপজেলা সমবায় অফিসার মোঃ মনিরুজ্জামান ছিলেন না অফিসে। তালাবদ্ধ ছিল তার কক্ষটিও। উপজেলা সমবায় অফিসের সহকারী পরিদর্শক মোঃ শাহিনুজ্জামানও উপস্থিত ছিলেন না তার কক্ষে।

তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারি প্রোগ্রামার এনাম আহমেদ সহজ প্রতিদিনই অফিসে আসেন দেরিতে। আজকেও তার সেই চিত্র পাওয়া গেছে। সকাল ৯:৩০ পর্যন্ত তিনি অফিসে আসেননি। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কাউসার আলী এর কার্যালয় ছিল তালাবদ্ধ। তার পাশাপাশি তালাবদ্ধ অবস্থায় ছিল সহকারী পল্লী উন্নয়নের অফিসার

মোঃ আব্দুস সালামের কক্ষটিও।

উপজেলা হিসাবরক্ষণ অফিসের অডিটর মোঃ পলাশ আলীর অফিস আসেননি সঠিক সময়ে। সকাল ৮টার সময় উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রবের তালাবদ্ধ কক্ষ, মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদের কক্ষটি খোলা থাকলেও অফিসে পাওয়া যায়নি সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার। স্যার তখনো অফিসে পৌছাননি বলে জানান অফিস সহায়ক। উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলাউদ্দিন ছুটিতে ভারতে রয়েছেন চিকিৎসার জন্য এমনটি জানান অফিস সহায়ক।

তবে, যথা সময়ে স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের (এলজিইডি)অফিসে পাওয়া গেছে প্রকৌশলী শাহীন আক্তারকে। অফিসে সঠিক সময় ছিলেন তানিয়া খন্দকার।

সূত্রে জানা গেছে, মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সরকার নির্ধারিত সকাল ৮টার মধ্যে অফিস কক্ষে থাকা বাধ্যতামূলক। তবে সরেজমিনে দেখা গেছে, অধিকাংশ অফিসে নির্ধারিত সময়ে কর্মকর্তারা আসেন না। ৮টায় অফিসে আসার বাধ্যবাধকতা থাকলেও বেশিরভাগই সাড়ে ৯টা থেকে ১০টার মধ্যে আসেন। এ সুযোগ নিয়ে অধস্তন কর্মচারীরাও নির্ধারিত সময়ে অফিসে আসছেন না।

মুজিবনগরের ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) বলেন, আমি এই জেলাতে নতুন এসে সদর উপজেলাতে যোগদান করেছি। যোগদানের পরপরই গত ০৮/০৯/২০২২ তারিখ থেকে মুজিবনগরের ইউএনও হিসেবে অতিরিক্ত দায়ীত্ব দিয়েছে। আজকে রবিবার ছিল আমার কাজের প্রথম দিন। আমি যেতে পারিনি সেখানে। খোঁজ খবর নিয়ে তারপর বিষয়টি আমি দেখবো। তবে,সরকারি নিয়ম অনুযায়ী সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আসা যাওয়া করা উচিৎ।